

Class – 3

Subject – 2nd Language Bengali

Chapter – কবিতা – কাজ্‌লা দিদি

কবিতার নাম – কাজ্‌লা দিদি

কবির নাম – যতীন্দ্রমোহন বাগচী

কবি যতীন্দ্রমোহন বাগচীর লেখা কাজ্‌লা দিদি কবিতাটির মূল বিষয়বস্তু হল – একটি শিশু তার দিদিকে মানে তার কাজ্‌লা দিদিকে দেখতে না পেয়ে তার মায়ের কাছে তার কাজ্‌লা দিদির কথা জানতে চাইছে।

কবিতার সংক্ষিপ্তসার:-

একটি শিশু সন্ধ্যা হয়ে যাওয়ার পর যখন বাঁশবাগানের মাথার উপরে চাঁদ দেখা যাচ্ছে তখন সে তার মায়ের কাছে তার দিদির অর্থাৎ যে দিদি তাকে কবিতা শোনাত সেই কাজ্‌লা দিদি কোথায় সেই কথা জানতে চাইছে। এরপর যখন রাত ঘনিয়ে আসছে তখন ফুলের সুগন্ধে এবং পুকুর ধারে লেবু গাছের পাশে জোনাকি আলো দেখতে দেখতে শিশুটি তার কাজ্‌লা দিদিকে তার কাছে দেখতে না পেয়ে তার মায়ের কাছে তার কাজ্‌লা দিদি কখন আসবে সেই কথাও জানতে চাইছে।

শিশুটি তার মায়ের থেকে বিশেষভাবে জানতে চাইছে, একটি নির্দিষ্ট দিনের পর থেকে কেন তার মা আর তার কাজ্‌লা দিদিকে ডাকে না এবং কেনই বা তার দিদির কথা জানতে চাইলে তার মা নিজের মুখ আঁচল দিয়ে ঢেকে ফেলে, একই সাথে সে এটাও জানতে চাইছে, সে যখন খাবার খেতে বসে তখন সে তার কাজ্‌লা দিদিকে ডাকে কিন্তু তার কাজ্‌লা দিদি তার ডাকে পাশের ঘর থেকে আগের মতন কেন বেরিয়ে আসে না এবং সে যখন তার কাজ্‌লা দিদিকে ডাকে তখন তার মা কেন তার কাজ্‌লা দিদিকে খাবার জন্য না ডেকে চুপ করে থাকে।

শিশুটি তার মায়ের কাছে বারবার জানতে চাইছে তার কাজ্‌লা দিদি কোথায় গেছে এবং কখন আসবে কারণ আগামিকাল তার পুতুল-এর বিয়ে হবে তার নতুন ঘরে। তার মা তার প্রশ্নের কোনো উত্তর না দেওয়াতে সে তার মায়ের কাছে জানতে চাইছে যদি সেও তার কাজ্‌লা দিদির মতন লুকিয়ে থাকে তখন তার মা একলা ঘরে তাকে ছাড়া কেমন করে থাকবে। অবশেষে শিশুটি তার মাকে তার শিশু মনের কষ্ট বোঝাতে চেয়ে বলতে চেয়েছে, যখন তার মা তাকে এবং তার দিদিকে ছাড়া একলা ঘরে থাকবে তখন তার মা তার শিশুর মনের কষ্ট অনুভব করতে পারবে।

Work Sheet

Q-1. সঠিক উত্তরে টিক (✓) চিহ্ন দাও:-

1. কাজুলা দিদি কবিতাটির কবির নাম কি?

I) রবীন্দ্রনাথ ঠাকুর

II) যতীন্দ্রমোহন বাগচী

2. বাঁশবাগানের মাথার উপরে কি উঠেছে?

I) সূর্য

II) চাঁদ

3. দিদির কথায় মা কি দিয়ে মুখ ঢাকে?

I) রুমাল

II) আঁচল

4. পুতুলের বিয়ে কোথায় হবে?

I) নতুন ঘরে

II) ভাঙা বাড়িতে

5. জোনাকি জ্বলতে কখন দেখা যায়?

I) দিনের বেলা

II) রাতের বেলা

Q-2. এক কথায় উত্তর দাও:-

1. শোলোক শব্দের অর্থ কি?

Ans: -

2. শিশুটির কিসের গন্ধে ঘুম আসে না?

Ans: -

3. কার কথায় মা আঁচল দিয়ে মুখ ঢাকে?

Ans: -

4. শিশুটি যখন দিদিকে ডাকে তখন কে চুপ করে থাকে?

Ans: -

5. নতুন ঘরে কার বিয়ে হবে?

Ans: -

Q-3. পরের লাইনটি লেখোঃ-

বাঁশবাগানের মাথার উপর চাঁদ উঠেছে ওই —

পুকুর ধারে, নেবুর তলে থোকায়ে থোকায়ে জোনাই জ্বলে, —

সে দিন হ'তে দিদিকে আর কেনই বা না ডাকো,

ও-ঘর থেকে কেন মা আর দিদি আসে নাকো,

বল্ মা দিদি কোথায় গেছে, আসবে আবার কবে?

তুমি তখন একলা ঘরে কেমন করে' র'বে?

পাঠমালা

Page No.21 Question No.1 (ক) সংক্ষিপ্ত উত্তরধর্মী:

**Page No.22 Question No.2 (খ) বাঁ-দিকের শব্দগুলির সঙ্গে কবিতা
অনুযায়ী জুড়ে দাও:**

Page No.22 Question No.2 (ঙ) শূন্যস্থান পূরণ করো:
